

গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি শুরু

সুজন চন্দ্র দাস, কন্ট্রিবিউটিং রিপোর্টার, মাতাবিপ্রবি

প্রকাশিত: ১০:৩৪, ২৫ জুলাই ২০২৫; আপডেট: ১০:৩৫, ২৫ জুলাই ২০২৫



ছবি: জনকণ্ঠ

২০২৪-২৫ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির পঞ্চম ও সর্বশেষ পর্যায়ের প্রাথমিক ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। শুক্রবার (২৫ জুলাই) থেকে শুরু হওয়া এ কার্যক্রম চলবে আগামী ২৭ জুলাই পর্যন্ত। এ ধাপে প্রাথমিক ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে ৫ হাজার টাকা, যা অনলাইনে পরিশোধযোগ্য।

গুচ্ছ ভর্তি কমিটির বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি প্রদান এবং মূল কাগজপত্র জমা না দিলে প্রাথমিক ভর্তি বাতিল বলে গণ্য হবে। একই সঙ্গে আবেদনকারী পরবর্তীতে গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি বা কোটাভিত্তিক সুযোগ থেকেও বঞ্চিত হবেন।

প্রাথমিক ভর্তি ফি জমা দেওয়ার সময়সীমা ২৫ জুলাই দুপুর ১২টা থেকে ২৭ জুলাই রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র জমা দিতে হবে ২৬ জুলাই সকাল ১০টা থেকে ২৭ জুলাই বিকেল ৩টার মধ্যে, গুচ্ছভুক্ত যেকোনো একটি বিশ্ববিদ্যালয়ে।

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, অনলাইনে ভর্তি ফি পরিশোধ করার পরও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা না দিলে প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে। এ ক্ষেত্রে আবেদনকারীকে গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে এমনকি কোটায় ভর্তির ক্ষেত্রেও বিবেচনা করা হবে না।

ভর্তি বাতিল করতে চাইলে আবেদনকারীকে সশরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে হবে, যেখানে তার মূল কাগজপত্র জমা রয়েছে।

ভর্তির প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে আবেদন করতে ভিজিট করতে হবে গুচ্ছ ভর্তি সংক্রান্ত অফিসিয়াল ওয়েবসাইটে।
